বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৬
www.rdcd.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এর ৭ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | মোঃ মশিউর রহমান এনডিসি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ | - | ২৯ জুন, ২০২২ খ্রি. |
| সময় | - | বিকাল ৩.২০ ঘটিকা। |
| স্থান | - | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩৩, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়,ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা**

২.১ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরুকরেন। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য সহকারী প্রকল্প পরিচালক জনাব মোঃ আল মামুন-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

**৩.০ আলোচনা**

৩.১ সভায় গত ৩০ মে, ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সহকারী প্রকল্প পরিচালক জানান যে, **"জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ"** শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পটি মোট ১৫৫৫৫.৬২ লক্ষ (জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই ২০১৬ - ৩০ জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ২৬ জুন, ২০২২ পর্যন্ত মোট ১৩১১৩.৯৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৮৪.৩০% এবং বাস্তব অগ্রগতি ৯৯.৯৭% ।

৩.২ সহকারী প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করনে যে, বর্তমানে লক্ষ্যমাত্রা অনুযায়ী সাধারণ হোস্টেল (মহিলা ও পুরুষ) ভবনের ১০০%, মহাপরিচালকের বাংলোর ১০০%, ডরমিটরী ভবনের ১০০%, প্রশাসনিক কাম-অনুষদ ভবনের ১০০%, ক্যাফেটেরিয়াসহ বিনোদন কেন্দ্র ও গেষ্ট হাউজের ১০০%, মসজিদের ১০০%, স্কুল ভবনের ১০০%, ওয়ার্কশপ কাম ট্রেনিং সেন্টার ভবনের ১০০%, সড়ক ও মহাসড়ক (সংযোগ রাস্তা) ১০০%, পানি নিষ্কাশন অবকাঠামো (ড্রেনেজ সিস্টেম) ১০০%, স্বাস্থ্য পরিচর্যা ও পানি সরবরাহ ১০০%, ৬টি ইউনিট ১০০% (ফসল ইউনিট, ডেইরী ইউনিট, পোল্ট্রি ইউনিট, মৎস্য ইউনিট, টিস্যুকালচার ও হাইড্রোফোনিক ইউনিট, খাদ্য প্রক্রিয়াজাতকরণ ইউনিট), মেইন গেট ও সীমানা প্রাচীর ১০০%, লিংক করিডোর নির্মাণ কাজসহ অন্যান্য মালামাল সরবরাহ স্থাপনা ও অবকাঠামোর ১০০% কাজ সম্পন্ন হয়েছে।

৪.০ **বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

৪.১ প্রকল্পের পিসিআর প্রতিবেদন আগামী সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডি-তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪.২ প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত জায়গার ~~গেজেট ও~~ মিউটেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৩ প্রকল্পের অব্যয়িত অর্থ জুন, ২০২২ এর মধ্যে সরকারী কোষাগারে জমাদান ও ব্যয়িত অর্থে ভ্যাট ও আয়কর যথাযথভাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৪. জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি আইন ও জনবল অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত ও Zoom Platform-এ অংশগ্রহণকারি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ মশিউর রহমান এনডিসি)**
**সচিব**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৬
www.rdcd.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এর ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।**

সভাপতি - মোঃ মশিউর রহমান এনডিসি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
তারিখ - ৩০ মে, ২০২২ খ্রি.
সময় - সকাল ১১.০০ ঘটিকা।
স্থান - পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩৩, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

**২.০ উপস্থাপনা**

২.১ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক জনাব মোঃ আবিদ হোসেন মৃধা-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

**৩.০ আলোচনা**

৩.১ সভায় গত ২৬ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির ৫ম সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর প্রকল্প পরিচালক জানান যে, **"জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ"** শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পটি মোট ১৫৫৫৫.৬২ লক্ষ (জিওবি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই ২০১৬ - ৩০ জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির অনুকূলে ৩০ মে, ২০২২ পর্যন্ত মোট ১২০৩৯.৪২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৭৭.৪০% এবং বাস্তব অগ্রগতি ৯৮.৮৯% ।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে আরও অবহিত করনে যে, বর্তমানে লক্ষ্যমাত্রা অনুযায়ী সাধারণ হোস্টেল (মহিলা ও পুরুষ) ভবনের ১০০%, মহাপরিচালকের বাংলোর ১০০%, ডরমেটরী ভবনের ৯৫%, প্রশাসনিক কাম-অনুষদ ভবনের ১০০%, ক্যাফেটেরিয়াসহ বিনোদন কেন্দ্র ও গেষ্ট হাউজের ১০০%, মসজিদের ১০০%, স্কুল ভবনের ৯৫%, ওয়ার্কশপ কাম ট্রেনিং সেন্টার ভবনের ১০০%, সড়ক ও মহাসড়ক (সংযোগ রাস্তা) ৯৭%, পানি নিষ্কাশন অবকাঠামো (ড্রেনেজ সিস্টেম) ১০০%, স্বাস্থ্য পরিচর্যা ও পানি সরবরাহ ১০০%, ৬টি ইউনিট ১০০% (ফসল ইউনিট, ডেইরী ইউনিট, পোল্ট্রি ইউনিট, মৎস্য ইউনিট, টিস্যুকালচার ও হাইড্রোফোনিক্ ইউনিট, খাদ্য প্রক্রিয়াজাতকরণ ইউনিট), মেইন গেট ও সীমানা প্রাচীর ৯০%, লিংক করিডোর ৯৫% এবং অন্যান্য মালামাল সরবরাহের কাজ ৯৮% সম্পন্ন হয়েছে।

৪.০ **বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

৪.১. প্রকল্পের পিসিআর আগামী সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪.২. ডরমিটরি ভবন, মেইনগেট, সীমানা প্রাচীর ও লিংক করিডোর এর বাকী নির্মাণ কাজ জুন, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে এবং

৪.৩. জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমি আইন ও জনবল অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/৫/২০২২

**(মোঃ মশিউর রহমান এনডিসি)**
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৬
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

স্মারক নং-৪৭.০০.০০০০.০৪৫.১৪.০৬.০০২.১৭-৪৮/১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯
২৬ মে ২০২২

## সভার নোটিশ

আগামী ৩০-০৫-২০২২ খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠানকরণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (PSC) ৬ষ্ঠ সভা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ মশিউর রহমান এনডিসি।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল-কে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।(Zoom ID-4413523066, pw-112233)।

সভার আলোচ্য সূচী:
ক) পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
খ) ভৌত কাজের অগ্রগতি;
গ) প্রকল্পের Exit plan এবং
ঘ) বিবিধ।

(ড. মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ফোনঃ +৮৮০২-২২৩৩৮৫০১৮
Plan6.section@rdcd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):
১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
২. সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা ( সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৩. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে- বাংলা নগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৪. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
৮. যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (সভায় একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৯. যুগ্মসচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. যুগ্মসচিব (পরিকল্পনা),পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রতিনিধি, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, আরডিএ, বগুড়া।
১২. প্রকল্প পরিচালক, "জামালপুরে পল্লী উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠানকরণ" শীর্ষক প্রকল্প, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া (সভার নোটিশ ও কার্যপত্র সংশ্লিষ্ট সকলকে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপ সদয় অবগতি/কার্যার্থে:
১. উপসচিব (নিরাপত্তা অধিশাখা-২), জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত সদস্যগণকে গাড়ীসহ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদশ সচিবালয়, ঢাকা (যথাসময়ে সভাকক্ষটি প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (নোটিশটি ওয়েবসাইটে আপলোড করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।